অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৪৫.২৪.**৩৬৩**

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩২ / ১৪ ডিসেম্বর ২০২৫

বিষয়ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫.৩৬৩, তারিখ: ১০ ডিসেম্বর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে তফসিল ঘোষণা করা হয়েছে। উক্ত নির্বাচনের সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে তা সংশ্লিষ্ট সম্ভাব্য প্রার্থী/ব্যক্তিগণকে নিজ খরচে/ দায়িত্বে অপসারণ করার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ লক্ষ্যে সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এলাকা থেকে দ্রুত সময়ে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবু রাফা মোহাম্মদ আরিফ
যুগ্মসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

বিতরণ:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
২। জেলা প্রশাসক (সকল) ..... জেলা;
৩। প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সকল);
৪। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল) ..... উপজেলা,..... জেলা;
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ..... উপজেলা,..... জেলা;
৬। প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ... উপজেলা,..... জেলা;

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ;
২। বিভাগীয় কমিশনার (সকল) ..... বিভাগ;
৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল), ... বিভাগ;
৪। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), ... জেলা;
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
৬। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ)।